4 MAY 2017
20 8

যেভাবে জানা যাবে ফলাফল

# এসএসসির ফল প্রকাশ আজ

**যুগান্তর রিপোর্ট**

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আজ প্রকাশ করা হচ্ছে। সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের সার-সংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানসহ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তারা উপস্থিত থাকবেন। দুপুর সাড়ে ১২টায় সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিক ভাবে ফল প্রকাশের ঘোষণা দেয়া হবে। বেলা ১টা থেকে শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান, অনলাইন এবং এসএমএসে ফল জানতে পারবে।

এবার সারা দেশে ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন পরীক্ষার্থী ছিল। ২ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হয়ে ২ মার্চ শেষ হয়। ব্যবহারিক পরীক্ষা ৪ মার্চ শুরু হয়ে ১১

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৮

# এসএসসির ফল প্রকাশ আজ

(শেষ পৃষ্ঠার পর)

মার্চ পর্যন্ত চলে। আটটি সাধারণ বোর্ডে অধীনে এসএসসি, মাদ্রাসা বোর্ডের দাখি এবং কারিগরি শিক্ষা বোর্ডের ফ www.educationboardresults.g v.bd-এ ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইট থেকে ফল ডাউনলোড করা যাবে। প্রয়োজনে জেলা প্রশাসক উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যাল থেকেও ফল নিতে পারবে প্রতিষ্ঠানগুলো এসএমএস করেও ফল জানা যাবে এসএসসির ফল পেতে SSC লি স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন অক্ষ লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পে দিয়ে ২০১৭ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল পাওয় যাবে। (উদাহরণ : SSS DHA 123456 2015)। দাখিলের ফ জানতে DAKHIL লিখে MAD লিখতে হবে। আর কারিগরির ক্ষেত্রে SSC লিখে TEC লিখতে হবে। এরপর স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৭ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর